মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/বিদ্যা/হবিগঞ্জ-১৩/ ১২৭৫

তারিখঃ ০৯/০৮/১৪১৬ বাং
২৩/১১/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ **অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০/০২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন শায়েস্তাগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী পর্যন্ত ০৯টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শনপূর্বক ৬ষ্ঠ শ্রেণীতে (খ+গ) শাখা এবং ৭ম,৮ম, ৯ম ও ১০ম শ্রেণীতে 'খ' শাখা করে মোট ০৬(ছয়) টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার পরিদর্শন প্রতিবেদন সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ (ক) প্রতিবেদন -০২ পাতা।
(খ) সর্বোচ্চ শিক্ষক এম.পি.ও ভূক্তির তালিকা- ১ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
২৩/১১/০৯

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি ঃ

১. জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ।
২. প্রধান শিক্ষক, শায়েস্তাগঞ্জ উচ্চ বিদ্যালয় ,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
৩.চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

পরিদর্শন প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ শায়েস্তাগঞ্জ উচ্চ বিদ্যালয় ,হবিগঞ্জ সদর , হবিগঞ্জ। — পরিদর্শনের তারিখ ঃ ৩১/১০/২০০৯ ইং

প্রতিষ্ঠার সন ঃ ১৯১৮খ্রিঃ , বর্তমান স্বীকৃতির মেয়াদ ঃ ৩১/১২/২০১১ খ্রিঃ পর্যন্ত

এম পি ও ভূক্তির তারিখ ঃ ০১/০১/১৯৮০

ম্যানেজিং কমিটি ঃ শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত নিয়মিত ম্যানেজিং কমিটি বিদ্যমান।

ম্যানেজিং কমিটির মেয়াদ ঃ ০৮/০২/২০১০ খ্রিঃ পর্যন্ত।

শ্রেণী ভিত্তিক শিক্ষার্থীর বিবরণী ঃ

শ্রেণী	শাখা	মোট শিক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী	আবেদনকৃত শাখাসমূহ	মন্তব্য
ষষ্ঠ	(ক)	৬১	৩৭		
ষষ্ঠ	(খ)	৬১	৩৬	ষষ্ঠ (খ+গ)	৭০০-এর অধিক শিক্ষার্থী ভর্তির অনুমতি রয়েছে। এতদসঙ্গে সর্বোচ্চ এম.পি.ও ভূক্ত শিক্ষকের তালিকা সংযুক্ত।
ষষ্ঠ	(গ)	৬১	৪২		
৭ম	(ক)	৪৬	২৪		
৭ম	(খ)	৪৩	২২	৭ম (খ+গ)	
৭ম	(গ)	৫৫	৩০		
৮ম	(ক)	৫৪	২৯		
৮ম	(খ)	৫৫	৩১	৮ম (খ+গ)	
৮ম	(গ)	৬০	৩৯		
৯ম	(ক)	৭৩	৪২		
৯ম	(খ)	৭৩	৩৮	৯ম (খ+গ)	
৯ম	(গ)	৪০	৩০		
১০ম	(ক)	১০৮	নির্বাচনী পরীক্ষা সম্পন্ন হয়েছে।	১০ম (খ)	
১০ম	(খ)	১০৮	নির্বাচনী পরীক্ষা সম্পন্ন হয়েছে।		
মোট	১৪	৮৯৮	৪০০	০৯	

এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার	গড় পাশের হার
২০০৭	১৯৭	৫৬	২৮.৪৩%	৫১.৯৮%
২০০৮	১০৫	৬১	৫৮.১০%	
২০০৯	১২৪	৮৬	৬৯.৩৫%	

শিক্ষক-শিক্ষিকা ঃ ২২ জন (শিক্ষক- ১৪,শিক্ষিকা ০৮ জন), কর্মচারী - ০৬ জন।

এম পি ও ভূক্ত ঃ ১২ জন , এম পি ও বহির্ভূত ঃ ১১ জন

অনুমোদিত বিভাগ ঃ মানবিক , বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা

বিদ্যালয়ের জমির পরিমান ঃ ৯.৩০৭ একর, প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রিকৃত।

বিদ্যালয় গৃহের বিবরণ ঃ মোট ভবন সংখ্যা- ১০টি। তম্মধ্যে পাকা ভবন-০১টি,আধা পাকা ০৯টি।

মোট আয়তন ঃ শ্রেণী কক্ষের মোট আয়তন - ২৪,৩৪০ বর্গফুট

গ্রন্থাগার ঃ ০১টি, বইয়ের সংখ্যা -১০০০টি (বইয়ের সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।)

চলমান পাতা - ১

কক্ষ সংখ্যা ঃ সর্বমোট- ৩০ টি। প্রশাসনিক কক্ষ- ০২ টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, শ্রেণী কক্ষ-১৭, বিজ্ঞানাগার-০৩ টি কম্পিউটার ল্যাব- ০১টি, গ্রন্থাগার-০১টি, নামাজের ঘর- ০১টি স্টোর রুম-০১টি,অন্যান্য কক্ষ-০৩টি

আসবাব পত্র(শ্রেনী কক্ষে) ঃ ডেস্ক -২৪০ টি, বেঞ্চ -২৪০ টি, চেয়ার- ৬৮টি, টেবিল - ২১টি , কাঠের আলমারী-২১টি, স্টীলের আলমারী- ০৬ টি, প্রত্যেক রুমে প্রয়োজনীয় লাইট ও ফ্যান রয়েছে।

কম্পিউটার ঃ ০৩টি, টিউবওয়েল ঃ ০৫টি, টয়লেট ঃ ০৮ টি (শিক্ষকদের ০৩ টি, শিক্ষার্থীদের ০৫ টি)।

মন্তব্য ঃ অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শন করা হয়। বিদ্যালয়টি হবিগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত একটি প্রাচীন বিদ্যালয়। পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী শ্রেণী কক্ষ ও আসবাবপত্র বিদ্যমান। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়। বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী উপস্থিতি এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফলের সংখ্যাগত ও গুণগত মান মোটামুটি সন্তোষজনক। বিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা ৮৯৮ জন। তম্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে ১৮৩ জন,৭ম শ্রেণীতে ১৪৪ জন,৮ম শ্রেণীতে ১৬৯ জন এবং ৯ম শ্রেণীতে ১৮৬ জন এবং ১০ম শ্রেণীতে ২১৬ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে। পরিদর্শনকালে বিদ্যালয়ে সংরক্ষিত শিক্ষক এম.পি.ও. ভূক্তির তালিকা, শিক্ষক হাজিরা খাতা এবং আনুষাঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় অতিরিক্ত শ্রেণী শাখা বিদ্যমান রয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। কিন্তু এতদ্‌সংক্রান্ত বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের কোন কপি দেখাতে পারেনি। তবে বিদ্যমান শাখাসমূহের স্বপক্ষে বিদ্যালয়ে সংরক্ষিত সর্বোচ্চ সংখ্যক এম.পি.ও.ভূক্ত শিক্ষকদের তালিকা হতে দেখা যায় যে, ১৯৯৬ সালে ২০ জন এম.পি.ও.ভূক্ত শিক্ষক ছিলেন। শিক্ষকদের অবসর গ্রহণ বা অন্যান্য কারনে এবং ১৯৯৫ সালের মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামোর কারণে বর্তমানে উক্ত বিদ্যালয়ে ১২ জন এম. পি.ও ভূক্ত শিক্ষক রয়েছেন। শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হওয়ায় এবং শ্রেণী শাখা বহাল রাখার অনুমতি না থাকায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করে শাখাগুলোর পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হওয়ায় এবং অনুমোদিত কোন শাখা না থাকায় শিক্ষার মান উন্নয়নের স্বার্থে উক্ত বিদ্যালয়ে পূর্ব হতে চালুকৃত ৬ষ্ঠ শ্রেণীতে বিদ্যমান (খ+গ) শাখা এবং ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীতে বিদ্যমান 'খ' শাখা করে মোট ০৬(ছয়)টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার প্রয়োজনীয়তা রয়েছে।

সুপারিশ ঃ যেহেতু প্রয়োজনীয় অবকাঠামোসহ বিদ্যমান শ্রেণী শাখার স্বপক্ষে পর্যাপ্ত সংখ্যক শিক্ষার্থী বিদ্যমান,তাই নিবিড়ভাবে পাঠদান কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত বিদ্যালয়ে পূর্ব হতে চালুকৃত ৬ষ্ঠ শ্রেণীতে বিদ্যমান (খ+গ) শাখা এবং ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীতে বিদ্যমান 'খ' শাখা করে মোট ০৬(ছয়)টি অতিরিক্ত শ্রেণী শাখার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।